

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৩৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

اَلْفَصْلُ الثَّنِفْ (بَابِ الْمَلَاحِم)

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَا أَنَسُ إِنَّ النَّاسَ يمصِرون أمصاراً فَإِن مَصْرًا مِنْهَا يُقَالُ لَهُ: الْبَصْرَةُ فَإِنْ أَنْتَ مَرَرْتَ بِهَا أَوْ دَخَلْتَهَا فَإِيَّاكَ وَسِبَاخَهَا وَكَلَّهُا وَعَلَيْكَ بِضَوَاحِيهَا فَإِنَّهُ يَكُونُ بِهَا خَسَفٌ وقذفٌ ورجْفٌ وقومٌ يبيتُونَ ويصبحون قردة وَخَنَازير رَوَاهُ أَبُو دَاؤد

اسناده ضعيف ، رواه ابوداؤد (4307) * الراوى شك في اتصالم فالسند معلل

বাংলা

৫৪৩৩-[২৩] আনাস (রাঃ) হতে বর্ণিত। একদিন রাস্লুল্লাহ (সা.) তাঁকে লক্ষ্য করে বললেন, হে আনাস! লোকেরা ক্রমান্বয়ে শহর-নগড় গড়ে তুলবে। তন্মধ্যে বাসরাহ্' নামেও একটি শহর গড়ে তুলবে। যদি তুমি কখনো উক্ত শহরের কাছ দিয়ে অতিক্রম কর কিংবা শহরে প্রবেশ কর, তবে তার লবণাক্ত জমি, ঘাস বা তৃণলতা ও তার খেজুর বৃক্ষের এবং তার বাজার ও আমিরদের দ্বার থেকে দূরে থাকবে এবং সেই শহরের ভিতরে অবস্থান না করে বাইরে কাছাকাছি স্থানে অবস্থান করবে। কেননা সে স্থান এমন সময় ধসে যাবে, তথায় পাথর বর্ষিত হবে এবং ভীষণ ভূকম্পন সংঘটিত হবে। সেখানে এমন এক সম্প্রদায় বসবাস করবে, যারা সহীহ সালামতে মানুষরূপে রাত্রি যাপন করবে, আর সকাল করবে বানর ও শূকরের আকৃতিতে। (আবূ দাউদ)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪৩০৭, সহীহুল জামি ৭৮৫৯।

ব্যাখ্যা



ব্যাখ্যা: এখানে(مسبخة) শব্দটি (مسبخة) এর বহুবচন যার অর্থ জলাভূমি, লবণাক্ত ভূমি। এখানে এটা একটি লবণাক্ত জায়গার নাম। 'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ্) বলেছেন: এটা এমন ভূখণ্ড যার উপরাংশটা লবণক্ষেত্র এবং যেখানে বিরল কিছু গাছ ছাড়া তেমন কিছুই উৎপন্ন হয় না। আর (کُلاُ)শব্দের অর্থ হলো ঘাস বা তৃণলতা। ('আওনুল মা'বুদ ৭ম খণ্ড, ৪৪৫ পৃ., হা, ৪২৯৯)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন